

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ টেলিভিশন  
সদর দপ্তর  
রামপুরা, ঢাকা-১২১৯।  
[www.btv.gov.bd](http://www.btv.gov.bd)

নং-বিটিভি/প্রশাসন-৩৯০/১৩তম খন্ড/৩৪৭৭

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি


বাংলাদেশ টেলিভিশনে রাজস্বখাতভুক্ত ১৪শ-২০শ গ্রেডের (৩য় ও ৪র্থ গ্রেডি) নিম্নবর্ণিত অস্থায়ী শূন্য পদ পূরণের লক্ষ্যে গত ১০.০৮.২০১৮ তারিখে রামপুরা একরামুল্লাহা বালক/বালিকা উচ্চ বিদ্যালয় ও রামপুরা একরামুল্লাহা ডিগ্রী কলেজে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও পরবর্তী সময়ে অনুষ্ঠিত ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা শেষে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশ ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণ নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন:

(মেধার ক্রমানুসারে নয়)

ক্র: নং	পদের নাম	নির্বাচিত প্রার্থীর রোল নম্বর
০১.	সহকারী হিসাবরক্ষক	৫২৮, ৬২২ ও ৮২৫ = ০৩ জন
০২.	ক্যাশিয়ার	২০ = ০১ জন
০৩.	লাইটিং সহকারী	৩৮ ও ১০৪ = ০২ জন
০৪.	ড্রাইভার	৩ = ০১ জন
০৫.	ক্যামেরাম্যান সহকারী	৬৭ ও ১৩৭ = ০২ জন
০৬.	মালি	৪৮ = ০১ জন

০২। সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ পত্র জারির পূর্বে প্রার্থীদের প্রাক পরিচয় যাচাইয়ের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন এবং মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ জারিকৃত পরিপত্র মোতাবেক মুক্তিযোদ্ধার সনদ যাচাইয়ের পর নিয়োগপত্র জারি করা হবে। এ লক্ষ্যে, নির্বাচিত প্রার্থীগণকে আগামী ২৬.১১.২০১৮ তারিখের মধ্যে অফিস সময়ে বিটিভির সদর দপ্তরে উপস্থিত হয়ে পুলিশ ভেরিফিকেশনের জন্য নির্ধারিত ফরম পূরণ করে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ প্রয়োজনীয় কাগজপত্র (সংশ্লিষ্ট সকল সনদপত্রের সত্যায়িত কপি) সরাসরি জমা প্রদান করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক প্রদত্ত কাগজপত্র অসম্পূর্ণ/অসত্য/ভূয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও তার প্রার্থীতা/নিয়োগ সরাসরি বাতিল করা হবে।

০৩। প্রকাশিত বিজ্ঞপ্তিতে কোন তথ্যগত ত্রুটি/করণিক ভুল বিধি মোতাবেক সংশোধন করার ক্ষমতা বিটিভি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

  
মো: হেলাল কবির  
উপ-পরিচালক (প্রশাসন)

বিতরণ:

- ০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।  
০২। নোটিশ বোর্ড, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর/ঢাকা কেন্দ্র।

অনুলিপি:

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।  
০২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।

১৫/১১/১৮